দৈনিক বাংলা

তারিখ 26 APR 1995
পৃষ্ঠা ৭ কলাম ৭

# ঢাকা ভার্সিটির 'খ' ইউনিটের ভর্তি পরীক্ষা বাতিল

বিশ্ববিদ্যালয় রিপোর্টার ঃ ঢাকা বিশ্ববিদ্যালয়ের ১৯৯৪–৯৫ অনার্স প্রথম বর্ষ 'খ' ইউনিটের ভর্তি পরীক্ষা বাতিল করা হয়েছে।

গত ২১ এপ্রিল অনুষ্ঠিত 'খ' ইউনিটের পরীক্ষার প্রশ্নপত্র ফাঁস হয়েছে বলে অভিযোগ ওঠে। এ প্রেক্ষিতে ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভাইস চ্যান্সেলর প্রফেসর এমাজ উদ্দীন আহমদের নির্দেশে প্রো–ভাইস চ্যান্সেলর প্রফেসর শহীদ উদ্দীন আহমদকে আহ্বায়ক করে একটি উচ্চ ক্ষমতাসম্পন্ন তদন্ত কমিটি গঠন করা হয়। মঙ্গলবার তদন্ত কমিটি তাদের রিপোর্টের প্রেক্ষিতে এই ভর্তি পরীক্ষা বাতিল করা হয়।

বিশ্ববিদ্যালয়েব প্রেস বিজ্ঞপ্তিতে বলা হয় প্রাপ্ত তথ্য প্রমাণের ভিত্তিতে প্রশ্নপত্র ফাঁস হয়েছে বলে সন্দেহাতীতভাবে প্রমাণিত না হলেও এ বিষয়ে সন্দেহের অবকাশ রয়েছে বলে কমিটি মনে করেন। এ জন্য জনমনে সৃষ্ট সন্দেহ নিরসনকল্পে এবং ভর্তি পরীক্ষার পবিত্রতা অক্ষুণ্ন রাখার স্বার্থে 'খ' ইউনিটের ভর্তি পরীক্ষা বাতিল করা হয়েছে।

(৫-এর পৃঃ দ্রঃ)

## ঢাকা ভার্সিটির 'খ'

(প্রথম পৃষ্ঠার পর)

'খ' ইউনিটের পরবর্তী পরীক্ষার তারিখ শীঘ্রই ঘোষণা করা হবে বলে বিজ্ঞপ্তিতে জানানো হয়।

বিজ্ঞপ্তিতে আরো বলা হয় তদন্ত কমিটির সুপারিশ অনুযায়ী বিষয়টি যথোপযুক্ত সংস্থা কর্তৃক আরো গভীরভাবে অনুসন্ধান করার জন্য বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ অবিলম্বে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করছে।